



রেজিস্ট্রারের কার্যালয়

বরিশাল বিশ্ববিদ্যালয়

ফোন: ০৪৩১-৬২২৪৪, ০১৮৭৬-০০৪৪৭৫, ফ্যাক্স: ০৪৩১-৬৬৮২৭
web: https://bu.ac.bd, e-mail: registrar@bu.ac.bd



স্মারক নং-বিইউ/রেজি/একাডেমিক/পুনঃভর্তি/১৭২(ভলিউম-২)/২৮২৪

তারিখ: ০২ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
১৫ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

পুনঃভর্তির নোটিস

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ২০১৮-১৯ বা ২০১৯-২০ ভর্তি শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ২০২০-২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষে পুনঃভর্তি হতে ইচ্ছুক তাদেরকে নিম্ননির্দেশনা মোতাবেক পুনঃভর্তির জন্য বলা হলো।

- ১। যে সকল শিক্ষার্থী ১ম বর্ষের ক্লাসে অংশগ্রহণ করেছে কিন্তু ১ম বর্ষের বার্ষিক/সেমিস্টার ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করেনি, তাদেরকে ১ম বর্ষে/১ম সেমিস্টারে ৪০% উপস্থিতি থাকা সাপেক্ষে এবং তাদের পুনঃভর্তির অনুকূলে বিভাগীয় একাডেমিক কমিটির সুপারিশ থাকা সাপেক্ষে ২০২০-২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষের মূল ভর্তি ফি'র সমপরিমাণ অর্থ ১৫,১৫০ (পনের হাজার এক শত পঞ্চাশ) টাকা পরিশোধ করে আগামী ১৬/০২/২০২২ থেকে ২৭/০২/২০২২ তারিখের মধ্যে ১ম বর্ষে পুনঃভর্তি হতে হবে। উক্ত ফি'র সাথে কর্তৃপক্ষ নির্ধারিত ল্যাব ফি (গণিত, পদার্থবিজ্ঞান, কম্পিউটার সায়েন্স এবং ইঞ্জিনিয়ারিং, পরিসংখ্যান ও ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের-২০০০/- এবং মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান, রসায়ন, উদ্ভিদবিজ্ঞান, কোস্টাল স্টাডিজ এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট ও প্রাণরসায়ন ও জীবপ্রযুক্তি বিভাগের-২৫০০/-) পরিশোধ করতে হবে।
- ২। যে সকল শিক্ষার্থী ১ম বর্ষের বার্ষিক/সেমিস্টার ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে, তাদেরকে ২য় বর্ষের ভর্তি ফি'র সমপরিমাণ অর্থ ২২০০/- (দুই হাজার দুই শত) টাকা পরিশোধ করতে হবে। এক্ষেত্রে শিক্ষার্থীদের পূর্বে প্রদত্ত কোন অর্থ সমন্বয় হবে না।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে-

(অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
বরিশাল বিশ্ববিদ্যালয়

স্মারক নং-বিইউ/রেজি/একাডেমিক/পুনঃভর্তি/১৭২(ভলিউম-২)/২৮২৪

তারিখ: ০২ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
১৫ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতানুসারে নয়):

- ১। ডিন, সকল অনুষদ, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ২। চেয়ারম্যান, সকল বিভাগ, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ৩। উপ-পরিচালক, অর্থ ও হিসাব পরিচালকের অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ৫। পরিচালক, নেটওয়ার্কিং এন্ড আইটি অফিস, বরিশাল বিশ্ববিদ্যালয় (ওয়েব সাইটে আপলোড করার জন্য)।
- ৬। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, বরিশাল বিশ্ববিদ্যালয় (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। সোনালী ব্যাংক, বরিশাল বিশ্ববিদ্যালয় শাখা।
- ৮। নোটিস বোর্ড।
- ৯। নথি।

(মোঃ মিলন)
সহকারী রেজিস্ট্রার
বরিশাল বিশ্ববিদ্যালয়